# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

(Residential Autonomous Degree College with P.G. Section under University of Calcutta)

**B.A./B.SC. SECOND SEMESTER EXAMINATION, MAY 2011**

**FIRST YEAR**

**BENGALI (General)**

Paper : II

Date : 28/05/2011
Time : 11 a.m – 2 pm
Full Marks : 75

১. ছোটগল্পের সংজ্ঞা, বৈশিষ্ট্য ও স্বরূপ আলোচনা কর। [10]

অথবা

মহাকাব্যের সংজ্ঞা ও বৈশিষ্ট্য আলোচনা কর। মহাকাব্য কয় প্রকার, প্রতিটি প্রকারের সংক্ষিপ্ত পরিচয় দাও।

২. যে কোন একটি বিষয় সম্পর্কে সংক্ষেপে আলোচনা কর। [5]

ক) প্রহসন

খ) মনস্তাত্ত্বিক উপন্যাস

৩. কারক বলতে কী বোঝো? বাংলা ভাষার সম্প্রদান এবং অপাদান কারক সম্পর্কে আলোচনা কর। [8]

অথবা

বাংলা ব্যাকরণের লিঙ্গের সংজ্ঞা ও উদাহরণ দাও। ইংরাজি ও সংস্কৃত লিঙ্গের সঙ্গে বাংলা লিঙ্গের তুলনামূলক একটি আলোচনা কর।

৪. যে কোন একটি বিষয় সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা কর। [7]

ক) বাংলা সন্ধি ও সংস্কৃত সন্ধির তুলনা।

খ) বাংলা ভাষায় বহুবচন গঠনের নিয়ম।

৫. বাংলা স্বরধ্বনির উচ্চারণ স্থান অনুযায়ী শ্রেণিবিভাগ কর। [10]

অথবা

বাংলা ব্যঞ্জনধ্বনির উচ্চারণস্থান অনুযায়ী শ্রেণিবিভাগ কর।

৬. টীকা লেখো ঃ (যে কোন একটি) [5]

অপিনিহিতি, স্বরভক্তি, বর্ণবিপর্যয়।

৭. দলবৃত্ত ছন্দরীতির উদাহরণসহ সংজ্ঞা ও বৈশিষ্ট্য আলোচনা কর। [5]

অথবা

কলাবৃত্ত ছন্দরীতির উদাহরণসহ সংজ্ঞা ও বৈশিষ্ট্য আলোচনা কর।

৮. টীকা লেখো ঃ (যে কোন দুটি) [3+3]

দল, কলা, মাত্রা, যতি

৯. ছন্দ নির্ণয় কর (যে কোন একটি) [4]

ক) কেমন করে বীরডুবুরি সিন্ধু সেঁচে মুক্তা আনে।
কেমন করে দুঃসাহসী চলছে উড়ে স্বর্গপানে।
(নজরুল ইসলাম)

খ) তোমার কোনো ধর্ম নেই শুধু
শিকড় দিয়ে আঁকড়ে ধরা ছাড়া
তোমার কোনো ধর্ম নেই শুধু
বুকে কুঠার সইতে পারা ছাড়া
(শঙ্খ ঘোষ)

গ) অহিরাবণ, মহীরাবণ, সকল রাবণ মরে
রাবণ রাজার বুকে যেন মস্ত ভাঙন ধরে
( পূর্ণেন্দু পত্রী)

১০. অভিসার কাকে বলে? অভিসার পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তার একটি উল্লেখযোগ্য পদ বিশ্লেষণ কর। [8]

অথবা

গৌরচন্দ্রিকা কাকে বলে? গৌরাঙ্গ বিষয়ক পদের সঙ্গে তার পার্থক্য কোথায়? একটি গৌরাঙ্গ বিষয়ক পদের উদাহরণ দাও ও আলোচনা কর।

১১. শ্রীচৈতন্যদেবকে অবলম্বন করে কী কোনো পদ রচিত হয়েছিল? এমন একটি পদের ব্যাখ্যা করো। [7]

অথবা

পূর্বরাগ কাকে বলে? পূর্বরাগের তাৎপর্য কোথায়? এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির একটি পদ বিশ্লেষণ করো।